



আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)

প্রতিরক্ষা মন্ত্রণালয়

ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।

ফোন: ৯৮৩৫৬৬১, ৮৭১১০৫৫ ফ্যাক্স: ৯৮৩৩৫৬২

[www.ispr.gov.bd](http://www.ispr.gov.bd)

সংবাদ বিজ্ঞপ্তি



নং ২৩.১৬.০০০০.০০৯.২৩.০০৩.২৩

তারিখ: ০১-০৮-২০২৩

## আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুলের অভূতপূর্ব সাফল্য

ঢাকা, ০১ আগস্ট ২০২৩ (মঙ্গলবার): ঢাকা সেনানিবাসে অবস্থিত আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ২০২৩ সালে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় অভূতপূর্ব সাফল্য অর্জন করেছে। উক্ত পরীক্ষায় অত্র প্রতিষ্ঠানের অংশগ্রহণকারী ৭৮০ জন শিক্ষার্থীর মধ্যে শতভাগ পাশসহ ৬৫১ জন শিক্ষার্থী (৮৩.৪৬%) জিপিএ-৫ পাওয়ার গৌরব অর্জন করে। তন্মধ্যে ৬৯৯ জন বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীর মধ্যে ৬৪৪ জন (৯২.১৩%) জিপিএ-৫ অর্জন করেছে। এছাড়াও, ইংরেজি মাধ্যমে ১২৭ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে শতভাগ পাশসহ ১১৫ জন (৯০.৫৫%) জিপিএ-৫ অর্জন করেছে।

প্রতিষ্ঠানটি ২০২২ ও ২০২৩ শিক্ষাবর্ষে সার্বিকভাবে কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জন করার ফলে 'সেনাবাহিনী প্রধান ট্রফি' লাভ করেছে। 'জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৩' এ অত্র প্রতিষ্ঠানের স্কুল শাখা ক্যান্টনমেন্ট থানা ও ঢাকা মহানগরে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল) এবং জাতীয় পর্যায়ে তেইশ হাজার মাধ্যমিক বিদ্যালয়ের মধ্যে তৃতীয় স্থান অর্জন করে।

উল্লেখ্য, প্রতিষ্ঠানটিতে বাংলা ও ইংরেজি উভয় মাধ্যমেই পাঠদান করা হয়। বাংলাদেশ সেনাবাহিনী পরিচালিত এই শিক্ষা প্রতিষ্ঠান তাত্ত্বিক ও ব্যবহারিক উভয় ক্ষেত্রেই সমান গুরুত্ব দিয়ে থাকে। সেনাবাহিনী কর্তৃক পরিচালিত মোট ৪১টি ক্যান্টনমেন্ট স্কুল ও কলেজের মধ্যে অত্র প্রতিষ্ঠান বিভিন্ন ক্ষেত্রে সাফল্যের ধারাবাহিকতা বজায় রেখে দেশের সার্বিক শিক্ষা ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে।

স্বাক্ষরিত/-

রাশেদুল আলম খান

সহকারী পরিচালক

পক্ষে পরিচালক

মোবাঃ ০১৭৬৯০১৭১৯৮